দৈনিক ইত্তেফাক

তারিখ 07 SEP 1992

পৃষ্ঠা ৭ কলাম ৩

149

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে তৎপরতা স্থগিত

# ছাত্রদল কেন্দ্রীয় কমিটি বাতিল

গভীর রাতে বাসস জানায়, বিএনপি'র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া গত রাত্রে জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি বাতিল করিয়া দিয়াছেন। বিএনপি'র এক ঘোষণায় বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেও ছাত্রদলের তৎপরতা স্থগিত ঘোষণা করা হইয়াছে। আমাদের ষ্টাফ রিপোর্টার বিশ্বস্ত সূত্রে জানিতে পারিয়াছেন যে, প্রধানমন্ত্রীর দফতরে গতকাল (রবিবার) নিকার-এর বৈঠকের পর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ৫ জন নীতি নির্ধারক মন্ত্রীর সহিত এক আলোচনায় মিলিত হন। ইহাতে ছাত্রদলের আভ্যন্তরীণ কোন্দলে ২ জন ছাত্রনেতা নিহত এবং উদ্ভূত পরবর্তী পরিস্থিতি লইয়া বিশদ আলোচনা করা হয়। বৈঠকে ছাত্রদলের বর্তমান অবস্থা, বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ইত্যাদি আলোচনা করিয়া দলীয় শৃঙ্খলার স্বার্থে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি বাতিল এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের সকল তৎপরতা স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র জানায়, কোন অছাত্রকে ভবিষ্যতে ছাত্রদলের কোন পর্যায়ের কমিটিতে রাখা হইবে না– এই মর্মেও সিদ্ধান্ত হইয়াছে। ছাত্রদলের বিবদমান দুই গ্রুপের সদস্যরা গতকাল পৃথক পৃথকভাবে প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাতের চেষ্টা করিয়া ব্যর্থ হন। সূত্র জানায়, প্রধানমন্ত্রী এ বিষয়ে ছাত্রনেতাদের সহিত কথা বলিতে রাজী হন নাই। 'সুগন্ধায়' গতকাল রাতে ছাত্রদলের একটি গ্রুপের নেতাদের কয়েকজন অপেক্ষা করিয়া ফিরিয়া যান। শনিবার রাতে প্রধানমন্ত্রী 'সুগন্ধা'য় ছাত্রদল নেতাদের সহিত কোন বৈঠক করেন নাই বলিয়া জানা গিয়াছে।